

# জবি ছাত্রের ওপর হামলা, ছাত্রলীগের ৫ জনের বিরুদ্ধে মামলা

জবি প্রতিবেদক

৭ সেপ্টেম্বর ২০২৩ ০৮:১৩ পিএম | আপডেট: ৭ সেপ্টেম্বর ২০২৩ ০৮:১৬ পিএম

1  
Shares

জগন্নাথ বিশ্ববিদ্যালয়। ফাইল ছবি

advertisement..

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) সমাজকর্ম বিভাগের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ছাত্র মো. রাকিবের ওপর হামলার ঘটনায় বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের ৫ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। আজ বৃহস্পতিবার রাজধানীর কোতোয়ালি থানায় ভুক্তভোগী ছাত্র বাদী হয়ে এ মামলা দায়ের করেন।

কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহিনুর রহমান মামলার বিষয়টি নিশ্চিত করে বলেন, ‘আজ ভুক্তভোগী মামলা করেছে। আমরা ঘটনাটি তদন্ত করে ব্যবস্থা নিব।’

advertisement

মামলার ৫ আসামিরা হলেন, প্রাণিবিদ্যা বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ছাত্র সোহানুর রহমান, লোকপ্রশাসন বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ছাত্র তানজিম রহমান জয়, হিসাববিজ্ঞান বিভাগের বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের ছাত্র সিয়াম সিকদার সিহাব, অর্থনীতি বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের ছাত্র ও বিভাগীয় ছাত্রলীগের সহসভাপতি মুদুল হাসান ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ছাত্র মারুফ হাসান। মামলার আসামিরা সকলেই শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আকতার হোসাইনের অনুসারী।

মামলার এজাহারে বলা হয়, গত ৫ সেপ্টেম্বর ভুক্তভোগী বিশ্ববিদ্যালয়ের ক্যাফেটেরিয়ায় খাবার খাওয়া শেষে টিস্যু নেওয়ার জন্য কাউন্টারে যান। এ সময় কাউন্টারে ১ নম্বর আসামি সোহান উদ্দেশ্য প্রণোদিতভাবে রাকিবকে ধাক্কা নিয়ে মাটিতে ফেলে দেন। ধাক্কা দেওয়ার কারণ জিজ্ঞাসা করলে সোহান তাকে অকথ্য ভাষায় গালিগালাজ করেন। কথা কাটাকাটির একপর্যায়ে অজ্ঞাতনামা ৫/৬ জন এসে রাকিবের ওপর হামলা করে তাকে জখম করেন। পরে সেখান থেকে রাকিব দৌড়ে পালিয়ে বিশ্ববিদ্যালয়ের প্রষ্টের অফিসে গিয়ে আশ্রয় নেন। এরপর বিষয়টি নিয়ে প্রষ্টের বরাবর লিখিত অভিযোগ করলে তা গ্রহণ করা হয়।

এ ঘটনার দিন সন্ধ্যা সাড়ে ৫টায় ক্যাম্পাস থেকে মেসে যাচ্ছিলেন রাকিব। তিনি বিশ্ববিদ্যালয়ের ফটকের সামনে আসলে উল্লেখিত আসামিরাসহ ২০/২৫ জন রাকিবের ওপর দেশীয় অন্তর্দিয়ে হামলা করে শরীরের বিভিন্ন স্থানে জখম করেন। এ সময় ভুক্তভোগীর আর্তনাদে আশেপাশে থেকে মানুষ আসলে আসামিরা তাকে হত্যার ভূমকি দিয়ে চলে যায়। পরে গুরুতর আহত অবস্থায় রাকিব হাসপাতালে চিকিৎসা নেন।

1  
Shares